

**এসডিজি বিষয়ক কর্মশালায় শিক্ষামন্ত্রী
জঙ্গিবাদ ও মাদক থেকে শিক্ষার্থীদের রক্ষা করতে হবে**

ঢাকা, ২৭ মে ২০১৮

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, জঙ্গিবাদ ও মাদক থেকে শিক্ষার্থীদের রক্ষা করতে হবে। শিক্ষার্থীদের জনগণের প্রতি দায়বদ্ধ দেশপ্রেমিক ভাল মানুষ হিসেবে তৈরি করতে হবে। এজন্য শিক্ষকদের দায়-দায়িত্ব রয়েছে। তারাই ভাল মানুষ তৈরির কারিগর। তবুও প্রজন্মকে জঙ্গিবাদ ও মাদকাসক্তি থেকে রক্ষা করতে শিক্ষক-অভিভাবক সবাইকে সচেতন হতে হবে।

শিক্ষামন্ত্রী আজ বিকালে রাজধানীর বাংলামটরে বিশ্বসাহিত্য কেন্দ্র মিলনায়তনে মাদরাসা শিক্ষা অধিদপ্তর আয়োজিত 'এসডিজি-৪ এর লক্ষ্য অর্জনে মাদরাসা পর্যায়ে মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে কার্যকর মনিটরিং ব্যবস্থার ভূমিকা এবং বাস্তবায়নের উপায়' শীর্ষক প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, মাদরাসার বিভিন্ন পরীক্ষা যাতে নকলমুক্ত হয়, সেজন্য সংশ্লিষ্ট শিক্ষক-কর্মকর্তাদের প্রতিশ্রুতিবদ্ধ ও আন্তরিক হতে হবে। মনিটরিং আরো জোরদার করতে হবে। তাহলেই মাদরাসা শিক্ষায় কাজিত মান অর্জন করে এসডিজি'র লক্ষ্য পূরণ সম্ভব হবে। তিনি বলেন, মাদ্রাসা শিক্ষার মান উন্নয়নে সরকার ব্যাপক কার্যক্রম বাস্তবায়ন করেছে। মাদরাসা ব্যবস্থার ক্ষেত্রে বড় ধরনের পরিবর্তন নিয়ে আসা হয়েছে। শিক্ষকদের বেতন ও মর্যাদা বাড়ানো হয়েছে। মাদরাসা শিক্ষার জন্য আলাদা অধিদপ্তর স্থাপন করা হয়েছে। মাদরাসার শিক্ষার্থীদের পর্যাপ্ত বৃত্তি প্রদান করা হচ্ছে। ইসলামি শিক্ষার সাথে আধুনিক শিক্ষার সমন্বয় করা হয়েছে।

শিক্ষামন্ত্রী আরো বলেন, ইতোমধ্যে ২ হাজার মাদ্রাসা ভবন তৈরি করা হয়েছে। আরো ২ হাজার ভবন নির্মাণ করা হবে। মাদ্রাসা শিক্ষার সাথে আধুনিক শিক্ষা সম্পৃক্ত করা হয়েছে। তিনি বলেন, আলেমদের শত বছরের দাবী ইসলামী আরবি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়েছে। ৫১টি মাদ্রাসায় অনার্স কোর্স চালু করা হয়েছে।

মাদরাসা শিক্ষা অধিদপ্তর মহাপরিচালক মো. বিল্লাল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের সচিব মো. আলমগীর এবং অতিরিক্ত সচিব সফিউদ্দিন আহমদ বক্তব্য রাখেন। প্রশিক্ষণ কর্মশালায় বিভাগীয় ও জেলা শিক্ষা অফিসার, বিভিন্ন মাদরাসার সুপারিনটেনডেন্ট ও অধ্যক্ষগণ এবং মাদরাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটের কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।

মোহাম্মদ আফরাজুর রহমান

ডিপিআইও

শিক্ষামন্ত্রণালয়

মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯